

আইএসও ২৬০০০-কে কার্যকর করা ও কর্মীদের সামাজিক দায়িত্বশীলতা অনুশীলনের জন্য উৎসাহিত করার জন্য উচ্চ ব্যবস্থাপনা বিভাগকে উদ্যোগী হতে হবে। প্রথমত তাদেরকে আইএসও ২৬০০০ এর নির্দেশনাসমূহ পড়তে হবে যাতে করে তারা সামাজিক দায়িত্বশীলতার একটি ধারণা পান। এটাও বিশেষভাবে সুপারিশ করা হচ্ছে যে, মূল বিষয় ও মূলনীতিগুলোর মতো গুরুত্বপূর্ণ বিভাগসমূহ যেন প্রতিষ্ঠানের সকল কর্মীর জন্য বাংলায় অনুবাদ করা হয়। যাতে তারা সামাজিক দায়িত্বশীলতা বাস্তবায়নের ক্ষেত্রে যুক্ত হতে পারে।

ধাপ-১: সাতটি মূল বিষয়ের মধ্যে কোনগুলো প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত সেটা চিহ্নিত করা

প্রথম যে ধাপটি প্রতিষ্ঠানকে নিতে হবে তা হলো সামাজিক দায়িত্বশীলতার মূল বিষয়গুলোর সাথে প্রতিষ্ঠানের তুলনামূলক আলোচনার মাধ্যমে বর্তমান অবস্থা চিহ্নিত করা। আত্ম-সমীক্ষণ এখানে গুরুত্বপূর্ণ কারণ এটা প্রতিষ্ঠানকে কৌশলের সাথে ও পদ্ধতিগতভাবে ভাবতে সাহায্য করে। সামাজিক দায়িত্বশীলতা একটি বিস্তীর্ণ বিষয় যা পরিবেশ, শ্রমিক, ক্রেতা, সরবরাহকারী ও বিভিন্ন স্টেকহোল্ডারের প্রতি গুরুত্ব আরোপ করে। সামাজিক দায়িত্বশীলতা কার্যকর করার ক্ষেত্রে স্টেকহোল্ডারদের সামাজিক দায়িত্বশীলতা সংক্রান্ত সিদ্ধান্ত প্রণয়নে সংযুক্ত থাকতে হবে। ফলে, এই সকল ক্ষেত্রে সামাল দিতে হলে একটি প্রতিষ্ঠানকে বিস্তারিত তথ্য সংগ্রহ করতে হবে।

এই 'আইএসও ২৬০০০ চেক টুল'^{১৫} একটি আত্ম-সমীক্ষণ পদ্ধতি দেখায়। প্রতিটা মূল বিষয়ের জন্য প্রতিষ্ঠানকে নিম্নোক্ত প্রশ্নগুলো জিজ্ঞেস করতে হবে -

প্রশ্ন-১: মূল বিষয়সমূহ ও এর ইস্যুগুলো কি আমার প্রতিষ্ঠানের সাথে সঙ্গত?	প্রশ্ন-২: এই ইস্যুতে আমার প্রতিষ্ঠানের কতটুকু উদ্দেশ্যসাধন হবে?	প্রশ্ন-৩: এই ইস্যুতে আমার প্রতিষ্ঠান কতটুকু কর্মকাণ্ডের দায়িত্ব নিতে পারে?
প্রশ্ন-৪: আমি কি নিশ্চিত হতে পারি যে পরিকল্পিত কর্মকাণ্ড প্রচলিত আইনের বিরুদ্ধে যাবে না?	প্রশ্ন-৫: আমার কর্মকাণ্ডের কি প্রভাব এখানে থাকবে?	প্রশ্ন-৬: এই ইস্যুতে কোন কোন স্টেকহোল্ডারদের আমি সংযুক্ত করতে পারি?
পরবর্তী কাজ: ভবিষ্যৎ ও পরিকল্পিত কর্মকাণ্ড এবং তাদের সম্ভাব্য প্রভাব মূল্যায়ন করুন		

^{১৫} গুডো গাটলার এবং ক্লুডিয়া হার্জজিয়ানি ২৬০০০ চেক টুল প্রস্তুত করেন যা এই ওয়েবসাইটে পাওয়া যাবে।
http://www.26k-estimation.com/html/the_26k-issue-tool.html